

কর্মচারী সমিতির নির্বাচন স্থগিত

ইবির ভিসি আড়াই ঘণ্টা অবরুদ্ধ প্রশাসনিক ভবনে তালা

স্থিতি প্রতিবেদন

নির্বাচন স্থগিত করার ক্ষেত্রে সোনবদি ইমলাদী বিশ্ববিদ্যালয়ের সাধারণ কর্মচারীরা প্রশাসনিক ভবনে তালা লাগিয়ে ক্যাশমে বিকোভ সমাবেশ করেছেন। এতে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডিবি ও ট্রেজারার প্রফেসর ড. এএসএম অনোয়ারুল করীম, রেজিস্ট্রার, প্রক্টর ড. একেএম মতিউর রহমানসহ ভবনে অবস্থানরত শিক্ষক-কর্মকর্তারা আড়াই ঘণ্টা অবরুদ্ধ হয়ে পড়েন। জানা যায়, সাধারণ কর্মচারী সমিতির নির্বাচনকে কেন্দ্র করে গঠিত নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত 'ভিসি' অনুযায়ী সোমবার সমিতির বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু দেশে চলমান জরুরি অবস্থার মাঝে নির্বাচন অনুষ্ঠান না করার জন্য কুষ্টিয়া জেলা প্রশাসক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ জানায়। কুষ্টিয়া জেলা প্রশাসকের অনুরোধের পরিপ্রেক্ষিতে সাধারণ কর্মচারী সমিতির নির্বাচন কমিশনের আকস্মিক যাত্রান অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেন। এ

ঘটনায় অবরুদ্ধ কর্মচারীরা দুপুর ১২টার দিকে বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের প্রধান ফটকে তালা লাগিয়ে দিয়ে প্রশাসন ভবনের সামনে বিকোভ সমাবেশ করেন। প্রত্যবেশে সমিতির বর্তমান কমিটির সভাপতি আতিয়ার রহমানসহ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী তিন প্যানেলের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। বক্তারা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে ২৪ ঘণ্টার মধ্যে পুনরায় নির্বাচন অনুষ্ঠানের দাবি জানান। এছাড়া তাদের দাবি মেনা না হলে বুধবার থেকে কর্মবিরতি পদক্ষেপ ঘোষণা দেন।